আলমডাঙ্গা ব্রাইট মডেল স্কুলের পরিচালক জাকারিয়া হিরোর সাংবাদিক সম্মেলন

আলমডাঙ্গা ব্রাইট মডেল স্কুলের প্রশাসনিক ভবনের জায়গা দখল ও স্বার্থ হাসিলের অপচেষ্টাসহ নানান অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করেছে পরিচালক জাকারিয়া হিরো।

আজ শনিবার বিকেল ৪ টার দিকে ব্রাইট মডেল স্কুল এন্ড কলেজের অফিস কক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করেন।

লিখিত সংবাদ সম্মেলনে ব্রাইট মডেল স্কুল এন্ড কলেজের পরিচালক জাকারিয়া হিরো বলেন, গত ২০১০ সালে ব্রাইট মডেল স্কুল নামে আলমডাঙ্গা এই শিক্ষা প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। বিগত ৫/৬ বছর ধরে প্রতিষ্ঠানটি পরীক্ষার ফলাফলে চুয়াডাঙ্গা জেলার শীর্ষস্থানে অবস্থান করে আসছে। শুধু চুয়াডাঙ্গা জেলায় নয়, যশোর বোর্ডের শীর্ষ ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে অন্যতম।

তিনি আরও বলেন, গত ২০২২ সালে নভেম্বরে শেষের দিকে পৌর এলাকার ৭২ নম্বর গোবিন্দপুর মৌজার ২৪৮৮ খতিয়ানে আর.এস ৮১০৩, ৮১০৪, ৮১০৬ নং দাগে মোট ১২.২১ শতক জমি ক্রয় করা হয়। ওই জমির মালিক ছিলেন পৌর এলাকার বাবুপাড়ার দিলীপ কুমার বিশ্বাস গং। একই খতিয়ানের ৮১০৬ নং দাগের ৩.৭১ শতক ক্রয় সূত্রে জমির মালিকানা হিসেবে সরকারি ভাবে নামজারির মাধ্যমে খাজনা পরিশোধ করা হয়েছে। আলমডাঙ্গা পৌরসভা থেকে নকশা অনুমোদন করে ওই জমিতে বিদ্যালয়ের তিনতলা প্রশাসনিক ভবন নির্মাণ করা হয়। ইতোমধ্যে ভবনের নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে।

জাকারিয়া হিরো বলেন, বিগত দিন ওই জমির মালিক দিলীপ কুমার বিশ^◌াস গংয়ের অনুমতি বিহীন কতিপয় ব্যাক্তি একটি ব্যামাগার নির্মাণ করেন। সরকারি বিধি মোতাবেক ওই জমি ক্রয় করি। ওই জমিতে ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। গত এক মাসের অধিক সময় ধরে কিছু স্বার্থন্বেষী মহল আমার এবং ব্রাইট মডেল স্কুল এন্ড কলেজের সাফল্য ক্ষুন্ন করার জন্য বিভিন্ন ধরনের অপপ্রচার ও হিংসাত্মক কাজের মাধ্যমে তাদের নিজেদের স্বার্থ হাসিলের অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। আমাকে বিভিন্ন মাধ্যমে হুমকিও প্রদান করা হচ্ছে।